



# ঘূর্ণীঝড়ে জনসাধারণের পালনীয়



## সাইক্লোন ঘরসুয় শুরু হওয়ার আগে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করতে হবে

- (১) বাড়ির সমস্ত দরজা ও জানালা, আলগা টালি এবং অন্যান্য দুর্বল অংশগুলো প্রয়োজনীয় মালমশলা (সিমেন্ট, বালি ইত্যাদি) দিয়ে মেরামত করা।
- (২) বাড়ির চারিদিকে পুরানো গাছ বা ডাল কেটে ফেলা। আলগা ইট, সাইনবোর্ড, টিনের পাত্র ইত্যাদি সরিয়ে ফেলা।
- (৩) কাঠের বোর্ড, কাগজের টেপ ইত্যাদি হাতের কাছে রাখা যাতে প্রয়োজন অনুযায়ী কাঁচের জানালাগুলো ঢেকে দেওয়া যায়।
- (৪) হ্যারিকেন, মোমবাতি, কেরোসিন, টর্চ, ব্যাটারি ইত্যাদি ব্যবস্থা করে রাখা।
- (৫) বাড়িতে বসবাসের অযোগ্য অংশগুলো ভেঙ্গে ফেলা।
- (৬) বাড়ির রেডিও সেটটি ভালভাবে পরীক্ষা করে সচল অবস্থায় রাখা।

## সাইক্লোন সংক্রান্ত সতর্কবার্তা পাওয়ার পরে নিম্নলিখিত ব্যবস্থাগুলো নিতে হবে

- (১) সর্বদা রেডিও সেটটিকে চালু রাখতে হবে এবং আকাশবাণী আগরতলার আবহাওয়া সংক্রান্ত সতর্কবার্তাগুলো ভালভাবে শুনবেন।
- (২) কোনরকম গুজবে কান দেবেন না। কেবলমাত্র রেডিও, টিভি মারফত প্রচারিত আবহাওয়ার বিজ্ঞপ্তিগুলো ভালভাবে শুনবেন।
- (৩) প্রয়োজনীয় নির্দেশ পাওয়ামাত্র নিচু জায়গা থেকে সরে আসতে হবে। বিশেষ করে যাঁরা মাটির বাড়িতে বসবাস করেন তাঁদেরকে উঁচু জায়গায় উপযুক্ত বাসস্থানে সরে যেতে হবে।
- (৪) ভারী বর্ষণের সময় বিশেষভাবে সতর্ক থাকতে হবে।
- (৫) কাঁচের জানালাগুলোতে কাঠের বোর্ড বা কমপক্ষে কাগজ স্টেটে দিতে হবে। কাঁচ ভেঙ্গে কারও আহত হওয়ার ভয় থাকবে না।
- (৬) বেশি করে শুকনো খাবার মজুত রাখতে হবে। ঢাকা পাত্রে বেশি করে পানীয় জলের ব্যবস্থা রাখতে হবে।
- (৭) যখন আপনার এলাকার লোকজনকে নিরাপদ স্থানে সরে যেতে বলা হবে তখন ঘরের মূল্যবান জিনিসপত্র, টাকাপয়সা সঙ্গে নিয়ে যাবেন।
- (৮) হ্যারিকেন, মোমবাতি, কেরোসিন, টর্চ, ইমার্জেন্সী লাইট ইত্যাদি হাতের কাছে রাখতে হবে।
- (৯) ঘরের বাইরে কোদাল, কুড়ুল, টিনের পাত্র, বুড়ি ইত্যাদি থাকলে সেগুলোকে ভিতরে এনে রাখতে হবে।
- (১০) বাড়ির পিছন দিকের দরজা বা জানালা সহজে খোলা যায় কিনা ভালভাবে পরীক্ষা করে নিতে হবে যাতে প্রয়োজনে বেরিয়ে যাওয়া যায়।
- (১১) বাড়ির বাচ্চা এবং বয়স্কদের জন্য আলাদা খাবারের ব্যবস্থা রাখতে হবে।
- (১২) গরু, বাছুর, ছাগল ইত্যাদি গৃহপালিত পশুদের অন্যত্র সরিয়ে ফেলতে হবে।
- (১৩) সুপার সাইক্লোনের কেন্দ্রবিন্দু বা চোখ যখন আপনার এলাকায় তখন হাওয়ার বেগ খুবই কম হবে এবং আধ ঘন্টার মধ্যে আবহাওয়ার উন্নতি হবে। এই সময় অবশ্যই নিরাপদ স্থানে থাকতে হবে। কারণ এর ঠিক পরেই প্রচণ্ড গতিতে উল্টোদিক থেকে বাতাস বইবে এবং ভারী বর্ষণ হবে।
- (১৪) শান্তভাবে ঠাণ্ডা মাথায় দুর্ভোগের মোকাবিলা করতে হবে।

## যখন সরকারীভাবে আপনার এলাকাকে খালি করতে বলা হবে তখন নিম্নলিখিত ব্যবস্থাগুলো সঙ্গে সঙ্গেই নিতে হবে

- (১) আপনার এলাকার স্কুলবাড়ি বা নিরাপদ আশ্রয়ে সঙ্গে সঙ্গে চলে যাবেন।
- (২) নিজেকে বাঁচান। আপনার সম্পত্তির জন্য চিন্তা করবেন না।
- (৩) নিরাপদ স্থান অর্থাৎ শেল্টারের ভারপ্রাপ্ত আধিকারিকের পরামর্শ মতন চলুন।
- (৪) আপনাকে নির্দেশ না দেওয়া পর্যন্ত উপরোক্ত স্থানেই থাকবেন।
- (৫) সর্বদা ঠাণ্ডা মাথায় শান্তভাবে থাকার চেষ্টা করবেন এবং নির্দেশগুলো যথাযথ পালন করবেন।

